

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৬১.১৮-৯০

তারিখ: ০৪.০৬.২০১৮খ্রি.

বিষয়: কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলাধীন যাদুরচর মহিউস্ সুন্নাহ আলিম মাদরাসার অধ্যক্ষ, জনাব শহীদ মাসউদ আহম্মদ এর বকেয়া বেতন-ভাতা প্রদান ও এমপিও চালু করন প্রসঙ্গে।

সূত্র: (১) যাদুরচর মহিউস্ সুন্নাহ আলিম মাদরাসার স্মারক অধ্যক্ষ এর আবেদন

তারিখ: ০৬.০৬.২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রের মাধ্যমে মহামান্য সুপ্রিম কোর্ট ও হাইকোর্টের আদেশ মোতাবেক যাদুরচর মহিউস্ সুন্নাহ আলিম মাদরাসার অধ্যক্ষ, জনাব শহীদ মাসউদ আহম্মদ কর্তৃক এপ্রিল-২০১১ খ্রি: হতে হালনাগাদ বেতন ভাতা প্রদান সহ এমপিও স্থগিতাদেশ প্রত্যাহারের জন্য আবেদন করেছেন।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলাধীন যাদুরচর মহিউস্ সুন্নাহ আলিম মাদরাসার অধ্যক্ষ, জনাব শহীদ মাসউদ আহম্মদ এর বেতন ভাতা (এমপিও) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শিম/শা:১৪/অডি:৮/২০০৫ (অংশ-১) ১২২; তারিখ: ২০.০৩.২০১১ খ্রি. এর নির্দেশনা মোতাবেক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৯এ/২৬/অডিট/এম/২০১১ তারিখ: ২৭.০৪.২০১১ এর মাধ্যমে জনাব শহীদ মাসউদ আহম্মদ এর বেতন-ভাতার সরকারি অংশ স্থগিত করেন। পরবর্তীতে জনাব শহীদ মাসউদ আহম্মদ উচ্চ আদালতে রীট পিটিশন দায়ের করেন। রীট পিটিশন নং ৭৭১৩/২০১১। মহামান্য হাইকোর্ট বিভাগ ০৭.১২.২০১১ খ্রি. তারিখে নিম্নরূপ নির্দেশ প্রদান করেন:

The respondents hereby directed to pay the government portion of monthly salary and other financial benefit and to release the M.P.O of the petitioner which is due on and April, 2011 and onwards which due in accordance with law within 90 days from the date of the judgment and order. There is no order as to costs.

০৩. মহামান্য আপিল বিভাগ ২৪.১২.২০১৬ খ্রি. তারিখে নিম্নরূপ নির্দেশ প্রদান করেন:

The leave petition is out of time by 1100 days but the explanation offered seeking condition of delay is not at all satisfactory. Accordingly, the civil petition for leave to appeal is dismissed as barred by limitation

০৪. আপিল বিভাগের নির্দেশ মোতাবেক যাদুরচর মহিউস্ সুন্নাহ আলিম মাদরাসার অধ্যক্ষ, জনাব শহীদ মাসউদ আহম্মদ এর এপ্রিল-২০১১ খ্রি: হতে হালনাগাদ বেতন ভাতা প্রদান সহ এমপিও স্থগিতাদেশ প্রত্যাহার করা প্রয়োজন।

০৫. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৩) অনুচ্ছেদে উল্লেখ আছে, স্থগিতকৃত এমপিও পুনরায় চালুর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন হবে।

০৬. এমতাবস্থায়, আপিল বিভাগের আদেশের প্রেক্ষিতে যাদুরচর মহিউস্ সুন্নাহ আলিম মাদরাসার অধ্যক্ষ, জনাব শহীদ মাসউদ আহম্মদ এর বকেয়া বেতন ভাতা প্রদানসহ এমপিও ছাড়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম
তলা) সচিবালয় লিংক রোড ঢাকা।

(মো: বিল্লাল হোসেন)

মহাপরিচালক

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

টেলিফোন নং-৪১০৩০১৬০

ই-মেইল: dgdmeb@gmail.com